# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 23-02-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অস্থিরতা, দুর্নীতি ও তোষণের অভিযোগ তুলে আসন্ন বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গবাসীর কাছে সমর্থন চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে এসআইআর প্রক্রিয়ার জন্য নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিক বা বিচারকদের প্রশিক্ষণের কাজ শেষ হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

এদিকে, রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নির্বাচন কমিশন এবং প্রশাসনের কর্তাদের মধ্যে শুরু হয়েছে উচ্চ পর্যায়ের বৈঠক।

৩) প্রয়াত প্রাক্তন রেল মন্ত্রী তথা রাজ্যসভার সাংসদ মুকুল রায়ের শেষকৃত্য সম্পন্ন।

৪) সেনাবাহিনীর ২০২৬-২৭ নিয়োগবর্ষে অগ্নিপথ এবং নিয়মিত ক্যাডারে নিয়োগের লক্ষ্যে অনলাইন কমন এন্ট্রান্স পরীক্ষা-সিইই-র জন্য নাম নথিভুক্তির প্রক্রিয়া চলছে।

৫) আর জি কর হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট ।

৬) ISL **ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে চেন্নাইন এফ সি-র মুখোমুখি হয়েছে।**

---

তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অস্থিরতা, দুর্নীতি ও তোষণের অভিযোগ তুলে আসন্ন নির্বাচনে পশ্চিমবঙ্গবাসীর কাছে সমর্থন চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিধানসভা ভোটের আগে রাজ্যবাসীর উদ্দেশে লেখা এক খোলা চিঠিতে তিনি গত ১১ বছরে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প ও সাফল্যের খতিয়ান তুলে ধরার পাশাপাশি, রাজ্যের মানুষকে প্রণাম জানিয়ে লিখেছেন, আগামী প্রজন্মের ভবিষ্যৎ কোন পথে এগোবে, তা নির্ধারণের সময় এসেছে। গত এক দশকে জনকল্যাণ ও সর্বাঙ্গীণ উন্নয়নকে অগ্রাধিকার দেওয়ার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী দাবি করেছেন, কৃষক কল্যাণ থেকে যুবসমাজের ক্ষমতায়ন—সব ক্ষেত্রেই কেন্দ্র ধারাবাহিক ভাবে কাজ করেছে।

চিঠিতে 'জন-ধন যোজনা', 'উজ্জ্বলা যোজনা', 'আয়ুষ্মান ভারত', 'স্বচ্ছ ভারত' প্রকল্পের মতো বিভিন্ন কেন্দ্রীয় কর্মসূচির উল্লেখ রয়েছে। তাঁর দাবি, লক্ষ লক্ষ পরিবার ব্যাঙ্কিং পরিষেবার আওতায় এসেছে, গরিব পরিবার পেয়েছে গ্যাস সংযোগ, স্বাস্থ্য পরিষেবা আরও সহজলভ্য হয়ে উঠেছে। পাশাপাশি কর্মসংস্থান, পরিকাঠামো উন্নয়ন ও শিল্প বিনিয়োগ বৃদ্ধির কথাও তুলে ধরা হয়েছে ঐ চিঠিতে।

পশ্চিমবঙ্গে অপশাসনের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী দাবি করেছেন, দীর্ঘদিন ধরে রাজনৈতিক অস্থিরতা, দুর্নীতি ও হিংসার কারণে রাজ্যের অগ্রগতি বাধাপ্রাপ্ত হয়েছে। কেন্দ্রীয় প্রকল্পের সুফল যাতে রাজ্যের সাধারণ মানুষ পুরোপুরি পান, সে জন্য 'দ্বৈত ইঞ্জিন' সরকারের প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। নাগরিকত্ব সংশোধনী আইন এবং সীমান্ত সুরক্ষা প্রসঙ্গও তাঁর চিঠিতে উঠে এসেছে।

-----------------

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে এসআইআর প্রক্রিয়ার জন্য নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিক বা বিচারকদের প্রশিক্ষণের কাজ শেষ হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। বৈঠক শেষে শ্রী আগারওয়াল সাংবাদিকদের জানান, আজ থেকেই জুডিশিয়াল আধিকারিকরা কাজ শুরু করতে পারেন।

বাইট

এসআইআর ঘিরে তৈরি হওয়া জটিলতা কাটাতে আজ নির্বাচন কমিশন ও বিচার বিভাগের প্রতিনিধিরা ফের বৈঠকে বসেন। মূলত বিচার বিভাগের তরফে যে অস্পষ্টতা ছিল তার সমাধান করা হয়েছে। এই প্রক্রিয়ার ভবিষ্যৎ রূপরেখা নির্ধারণই ছিল আজকের বৈঠকের প্রধান বিষয়।

একই সঙ্গে আজ পর্যন্ত কী কাজ হয়েছে এবং আগামী দিনে কোন পদ্ধতিতে কাজ এগোবে, সে বিষয়ে একটি নির্দিষ্ট গাইডলাইনও তৈরি হয়েছে।

এদিকে বৈঠকে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল স্পষ্ট জানিয়ে দিয়েছেন, নির্ধারিত গাইডলাইনের বাইরে কোনও কাজ করা যাবে না। আদালতের নির্দেশ মেনেই গোটা প্রক্রিয়া চালাতে হবে। কমিশনও এই কাজে প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা দিতে প্রস্তুত। ভবিষ্যতে যদি নতুন করে কোনও আইনি প্রশ্ন ওঠে, তা হলে ফের বৈঠক হতে পারে বলেও ইঙ্গিত মিলেছে। যদিও এই মুহূর্তে নতুন বৈঠকের কোনও নির্দিষ্ট দিন স্থির হয়নি।

অন্যদিকে, নির্বাচন কমিশনের বিশেষ রোল অবজার্ভার সুব্রত গুপ্ত বলেছেন, এই প্রক্রিয়ায় নিযুক্ত বিচারকদের লগ ইন আইডি দেওয়া নিয়ে যে সমস্যা হচ্ছিল, তার সমাধান হয়েছে।

এদিকে, রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়ালের নেতৃত্বে শুরু হয়েছে বৈঠক।

একটি প্রতিবেদন

-----------------

তৃণমূল কংগ্রেস সরকার আদালতের নির্দেশ অবমাননা করে এসআইআর প্রক্রিয়ায় হস্তক্ষেপ করছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, সুপ্রিম কোর্টের ঐতিহাসিক নির্দেশের পরেও কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে চলা এসআইআর প্রক্রিয়ার ওপর মমতা ব্যানার্জির সরকার, হস্তক্ষেপ করেই চলেছে। এই ঘটনা অত্যন্ত লজ্জাজনক এবং গণতন্ত্রের উপর আক্রমণ। বিরোধী দলনেতার অভিযোগ, এখনো পর্যন্ত বিভিন্ন জেলায় অতিরিক্ত জেলাশাসকরা, ব্লক উন্নয়ন আধিকারিককে অফিসার নিয়োগের নির্দেশ দিচ্ছেন। পাশাপাশি রাজ্যের মুখ্য সচিব, মুখ্যমন্ত্রীর নির্দেশে কাজ করে বিচার বিভাগের স্বাধীনতা নষ্ট করা এবং ডিইও, ইআরও, এইআরওদের প্রভাবিত করার চেষ্টা করছেন বলে শ্রী অধিকারী দাবি করেন। তিনি আরো বলেন, তৃণমূল কংগ্রেস সরকার ভোটার তালিকায় কারচুপির জন্য মরিয়া প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ, তদন্ত ও এসআইআর প্রক্রিয়ার অখন্ডতা রক্ষার জন্য বিরোধী দলনেতা কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবং নির্বাচন কমিশনের কাছে আর্জি জানিয়েছেন।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যের মানুষের কাছে প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন বলে শ্রী অধিকারী অভিযোগ করেন। দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুরে আজ দলের পক্ষ থেকে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে চার্জশিট পেশ করে তিনি বলেন, ভোটের আগে দেওয়া সব প্রতিশ্রুতি পূর্ণ করতে ব্যর্থ হয়েছে বর্তমান শাসকদল।

বাইট

-----------------

প্রয়াত প্রাক্তন রেল মন্ত্রী তথা রাজ্যসভার সাংসদ মুকুল রায়ের শেষকৃত্য আজ সন্ধ্যায় সম্পন্ন হয়েছে। ৭১ বছর বয়সী এই রাজনৈতিক ব্যক্তিত্ব একাধিক শারীরিক সমস্যা নিয়ে দীর্ঘদিন ধরেই হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। গতরাত দেড়টা নাগাদ মুকুল রায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মরদেহ আজ দুপুরে বিধানসভা ভবনে নিয়ে আসা হয়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, পরিষদীয় মন্ত্রী শোভনদের চট্টোপাধ্যায়, শশী পাঁজা, সুজিত বসু সহ বিধানসভার অন্যান্য সদস্য, কর্মী এবং তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁকে মালা দিয়ে শেষ শ্রদ্ধা জানান। সেখান থেকে দেহ নিয়ে যাওয়া হয় উত্তর ২৪ পরগণার কাঁচড়াপাড়ায় তার বাসভবনে। তৃণমূল কংগ্রেস সাংসদ ও দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিক সেখানে উপস্থিত ছিলেন। বিধানসভায় দলের মুখ্য সচেতক নির্মল ঘোষ, রফিকুর রহমান, সনত দে সহ তৃণমূল কংগ্রেসের বিধায়ক ও নেতা কর্মীরা প্রয়াত নেতাকে শেষ শ্রদ্ধা জানান।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠাতা সদস্য মুকুল রায়কে একসময় দলে মমতা ব্যানার্জীর পরেই রাখা হত। পরে মতানৈক্যের কারণে তিনি বিজেপিতে যোগ দেন। ২০২১-এর নির্বাচনে কৃষ্ণনগর উত্তর কেন্দ্র থেকে বিজেপির টিকিটে নির্বাচিত হয়েছিলেন

তিনি। পরে ফের তৃণমূল কংগ্রেসের যোগ দিলেও, বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি। তাঁর বিধায়ক পদ খারিজের মামলা আদালত পর্যন্ত গড়ায়। হাইকোর্ট মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করলেও, সেই সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন রেলমন্ত্রীর প্রয়াণে গভীর মর্মবেদনা প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে মুকুল রায়ের সঙ্গে তাঁর একটি ছবি পোস্ট করে প্রধানমন্ত্রী লিখেছেন, রাজনৈতিক অভিজ্ঞতা এবং সমাজ সেবামূলক উদ্যোগের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, মুকুল রায়ের শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সমাজ মাধ্যমে তাঁর শোক বার্তায় লিখেছেন, বাংলার রাজনীতিতে মুকুল রায়ের অবদান এবং সাংগঠনিক দক্ষতা ভোলার নয়।

শোক প্রকাশ করেছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়'ও। সমাজমাধ্যমে এক পোস্টে তিনি লেখেন, মুকুল রায়ের মৃত্যুতে বাংলার রাজনীতির ইতিহাসে এক যুগের অবসান হল।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রমুখ, বর্ষীয়াণ এই নেতার প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে তাঁর শোকবার্তায় মুকুল রায়ের রাজনৈতিক জীবনের কথা স্মরণ করেছেন।

প্রয়াত মুকুল রায়ের মরদেহে মালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, কংগ্রেস এর রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ অন্যান্য নেতৃবৃন্দ।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মুকুল রায়ের প্রয়াণে মর্মাহত বলে জানিয়েছেন।

----------------

সেনাবাহিনীর ২০২৬–২৭ নিয়োগবর্ষে অগ্নিপথ এবং নিয়মিত ক্যাডারে নিয়োগের লক্ষ্যে অনলাইন কমন এন্ট্রান্স পরীক্ষা-সিইই-র জন্য নাম নথিভুক্তির প্রক্রিয়া চলছে। www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে, পয়লা এপ্রিল পর্যন্ত আবেদন জানানো যাবে। চলতি বছরের জুন মাসে পরীক্ষার সম্ভাবনা রয়েছে। চূড়ান্ত তারিখ পরে জানানো হবে।

----------------

আর জি কর হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় কলকাতা হাইকোর্ট প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। পাশাপাশি সন্দীপ ঘোষের সহযোগী বলে চিহ্নিত আশিস পান্ডে, বিপ্লব সিংহ, আফসার আলি এবং সুমন হাজরার জামিনের আবেদনও খারিজ করেছে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

উল্লেখ্য এই মামলায় দেড় বছরের বেশি জেলবন্দী রয়েছেন, চিকিৎসক সন্দীপ ঘোষ।

----------------

কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় আগামীকাল কোথাও কোথাও হালকা এবং কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে রাজ্যে বৃষ্টির আবহাওয়া তৈরি হয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

----------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোল শূন্য রয়েছে।

---------------- ----------------